# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**10 NOVEMBER 2025 7:45—7:55 PM**

---

(১) জাতীয় খাদ্য সুরক্ষা আইন-২০১৩'র আওতায় আজ রাজ্যের বিভিন্ন স্থানে ভর্তুকিযুক্ত খাদ্যসামগ্রী সরবরাহ প্রকল্পের সূচনা/ গুয়াহাটির রাজ্যপর্যায়ের কেন্দ্রীয় অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর অংশগ্রহণ/

(২) বরাক উপত্যকার তিন জেলায়ও ভর্তুকিযুক্ত খাদ্যসামগ্রী সরবরাহ প্রকল্পের সূচনা/

(৩) লোকসভার অধ্যক্ষ ওম বিড়লার আজ কোহিমায় কমনওয়েল্থ সংসদীয় সংস্থার ২২ তম বার্ষিক সম্মেলনের তৃতীয় আঞ্চলিক মন্ডলের কার্যসূচীর উদ্বোধন/

(৪) হাইলাকান্দি এস এস কলেজের প্ল্যাটিনাম জয়ন্তী সমাপ্তি অনুষ্ঠানে রাজ্যের সরকারী স্কুলগুলোতে কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক শিক্ষার উপর ডা: রণোজ পেগুর গুরুত্ব আরোপ।

এবং

(৫) আগরতলায় অনুষ্ঠিত রঞ্জি ট্রফির চারদিনের খেলার আজ তৃতীয় দিনে আসামের ত্রিপুরার বিরুদ্ধে ফলো-অন/

---------------------------------------------------------------------------------------

জাতীয় খাদ্য সুরক্ষা আইন ২০১৩ 'র অধীনে আজ মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গুয়াহাটীর শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রে রাজ্য পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানে ভর্তুকীযুক্ত মুসুর ডাল , চিনি ও লবন সুলভ মূল্যে সরবরাহ প্রকল্পের সূচনা করেন । এছাড়া রাজ্যের প্রায় ৩৩ হাজার সুলভমূল্যের দোকানে মন্ত্রী , বিধায়ক এবং স্থানীয় লোকেদের উপস্থিতিতে এই অনুষ্ঠানের আয়োজন করা হয় । বিভিন্ন জেলায় আয়োজিত এই অনুষ্ঠানে গুয়াহাটীতে আয়োজিত কেন্দ্রীয় অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার করা হয় । অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন যে গণবন্টন ব্যবস্থার অধীনে রাজ্যের প্রায় ৭০

লক্ষ পরিবার এই প্রকল্পের সুবিধা লাভ করবেন এবং প্রায় ২ কোটি ৪৫ লক্ষ হিতাধিকারী উপকৃত হবেন ।এই প্রকল্পের অধীনে  রেশন কার্ড প্রাপ্ত প্রত্যেকটি পরিবার প্রতি মাসে এক কিলোগ্রাম করে মুসুরডাল ৬৯ টাকা , চিনি ৩৮ টাকা এবং লবন ১০ টাকা মূল্যে ক্রয় করতে পারবে ।এই বিশেষ মূল্য নভেম্বর এবং ডিসেম্বর মাসের জন্য প্রযোজ্য হবে ।পরবর্তী পর্যায়ে ২০২৬ সালের জানুয়ারী মাস থেকে অধিক সুলভমূল্যে এই সামগ্রীগুলো পাওয়া যাবে ।

--------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায় ও আজ এই প্রকল্পের সূচনা করা হয় । কাছাড় জেলার ১ হাজার ৭৫৬ টি নায্যমূল্যের দোকানে আজ এই বিতরণ প্রক্রিয়ার সূচনা করা হয় । জেলা আয়ুক্ত মৃদুল যাদব আজ শিলচর বিধানসভা এলাকার রংপুরে একটি নায্যমূল্যের দোকানে এই কার্যসূচীর উদ্বোধন করেন ।এছাড়া প্রতিটি নায্যমূল্যের দোকানে গুয়াহাটীতে আয়োজিত কেন্দ্রীয় অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার করা হয় । জেলায় স্বচ্ছ ই-পি ও এস ব্যবস্থার মাধ্যমে এই বিতরণ প্রক্রিয়া চালু করা হয় ।জেলার ৩ লক্ষ ৮৮ হাজার পরিবার এবং ১৩ লক্ষ হিতাধিকারী এই প্রকল্পের সুবিধা লাভ করবেন ।
শ্রীভূমি জেলায় ও জাতীয় খাদ্য সুরক্ষা আইনের অধীনে রেশনকার্ডধারী প্রতিটি পরিবারকে ভর্তুকীযুক্ত মুসুরডাল , চিনি ও লবন সরবরাহ প্রকল্পের উদ্বোধন করা হয় । পশুপালন মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ পাথারকান্দি বিধানসভা এলাকার বাজারঘাট বাজারে কাজীবাজার পালদাহার সমবায় সমিতি ও ফকুয়া গোবিন্দগঞ্জ সমবায় সমিতির উদ্যোগে নায্য মূল্যের দোকানে আয়োজিত অনুষ্ঠানে এই কার্যসূচীর উদ্বোধন করেন ।
এদিকে হাইলাকান্দি জেলার ৭৩৪ টি নায্যমূল্যের দোকানে আজ এই প্রকল্পের সূচনা করা হয় । সাংসদ কৃপানাথ মালহা আজ হাইলাকান্দির একটি নায্যমূল্যের দোকানে এই প্রকল্পের উদ্বোধন করেন ।অনুষ্ঠানে জেলা আয়ুক্ত অভিষেক জৈন , অতিরিক্ত আয়ুক্ত এল খিংতে সহ অন্যান্য সরকারী আধিকারীকরা উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে ভাষণ দিয়ে সাংসদ শ্রী মালহা বলেন -------- বাইট

--------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলায় খাদ্য সুরক্ষা আইনের অধীনে ভর্তুকীযুক্ত মুসুরডাল , চিনি ও লবন বিতরণ কার্যসূচীর সূচনা করা হয় ।উত্তরকাছাড় স্বশাসিত পরিষদের মুখ্য কার্যবাহী সদস্য দেবোলাল গার্লোসা এই কার্যসূচীর উদ্বোধন করেন ।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় অর্থ ও কর্পোরেট পরিক্রমা মন্ত্রী নির্মলা সীতারমণ আজ নতুনদিল্লিতে ২০২৬-২৭ বর্ষের জন্য কেন্দ্রীয় বাজেট সম্পর্কিত এক বৈঠকে পৌরহিত্য করেছেন ।

এই বৈঠকে দেশের বেশকয়েকজন প্রথমসারির অর্থনীতিবিদ উপস্থিত ছিলেন । অর্থ মন্ত্রণালয় এবং অর্থনৈতিক পরিক্রমা বিভাগের সচিব এবং কেন্দ্রীয় সরকারের মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা এই বৈঠকে অংশ নিয়ে বাজেট সম্পর্কিত গুরুত্বপূর্ণ পরামর্শ দিয়েছেন । এই প্রাক্ বাজেট পরামর্শদান সংক্রান্ত বৈঠক আজ সকাল দশটা থেকে বেলা বারোটা পর্যন্ত অনুষ্ঠিত হয় । এরপর বেলা একটা থেকে বিকেল তিনটে পর্যন্ত অর্থমন্ত্রী বেশকয়েকজন কৃষি বিশেষজ্ঞ এবং কৃষক সংস্থার সঙ্গে বৈঠকে মিলিত হয়েছেন । উল্লেখ্য- প্রতিবছর কেন্দ্রীয় বাজেটের পূর্বে কেন্দ্রীয় অর্থ মন্ত্রণালয় অনুরূপ আলোচনায় মিলিত হয় । সংশ্লিষ্ট পক্ষসমূহের সঙ্গে আলোচনা করে তাদের গুরুত্বপূর্ণ পরামর্শের উপর ভিত্তি করে সকল দিক দেখে শুনে চূড়ান্ত বাজেট প্রস্তুত করা হয় ।

---------------------------------------------------------------------------------

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ কমনওয়েল্থ সংসদীয় সংস্থা- সি পি এ'র ২২তম বার্ষিক সম্মেলনের কোহিমার নাগাল্যান্ড বিধানসভা আয়োজিত তৃতীয় আঞ্চলিক মন্ডলের কার্যসূচীর উদ্বোধন করেছেন । উদ্বোধনী ভাষণে  শ্রী বিরলা বলেছেন যে- উত্তর-পূর্বাঞ্চল, বৈচিত্রময় সংস্কৃতি এবং শক্তিশালী গণতান্ত্রিক মূল্যবোধের জন্য বিখ্যাত । তিনি বলেন যে- এই অঞ্চলটি সক্রিয় গণতান্ত্রিক ব্যবস্থা ও যোগাযোগ পরিকাঠামো এবং বিভিন্ন ক্ষেত্রে সুযোগ বৃদ্ধির পথে ক্রমশঃ এগিয়ে যাচ্ছে । লোকসভার অধ্যক্ষ শ্রী বিরলা উত্তর-পূর্বাঞ্চলের বিধানসভা সমূহকে, তাদের ঐক্য এবং আঞ্চলিক প্রয়োজনের প্রতি লক্ষ্য রেখে সর্বাত্মক বিকাশ এবং উন্নয়নের লক্ষ্যে নীতি প্রণয়ন করার জন্যে তাদের প্রশংসা করেন । তিনি একইসঙ্গে প্রযুক্তি এবং কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহারের দ্বারা প্রশাসনে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধির  মাধ্যমে আঞ্চলিক উন্নয়ন এবং ঔদ্যোগিক বিকাশ সুনিশ্চিতকরণের উপর গুরুত্ব আরোপ করেন ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরাষ্ট্র ও সমবায় বিভাগের মন্ত্রী অমিত শাহ্ সমাজের প্রান্তিক শ্রেণী তথা উচ্চাকাঙ্খী যুব সম্প্রদায়ের সবলীকরণের জন্য শহরাঞ্চল সমবায় ব্যাংক সমূহকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন । নতুনদিল্লিতে আজ শহরাঞ্চল সমবায় ঋণক্ষেত্র সম্পর্কে আয়োজিত আর্ন্তজাতিক সম্মেলন 'কো-অপ কুম্ভ- ২০২৫' এর উদ্বোধন করে তিনি বলেন যে- জাতীয় শহরাঞ্চল সমবায় ব্যাংক এবং ঋণ সমিতি লিমিটেড ফেডারেশন- এন এ এফ সি ইউ বি এবং শহরাঞ্চল সংস্থাসমূহের এই সম্পর্কে নীতি নির্দেশনা জারি করা উচিত । এই নীতিসমূহের উপর ভিত্তি করে সকল শহরাঞ্চল সমবায় ব্যাংককে আর্থিক পরিকাঠামোর শৈলী প্রস্তুত করা উচিত বলে শ্রী শাহ্ পরামর্শ দেন । সমাজের

প্রান্তিক শ্রেণীর সবলীকরণের সমান্তরালে সমবায় সমিতি সমূহকেও শক্তিশালী করে গড়ে তোলার উপর তিনি গুরুত্ব আরোপ করেছেন ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু আজ হাইলাকান্দি এস এস কলেজে অনুষ্ঠিত প্ল্যাটিনাম জয়ন্তীর দু দিনব্যাপী সমাপ্তি অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে বক্তব্য রাখতে শিক্ষামন্ত্রী ডাঃ পেগু জানান যে রাজ্যের সরকারী বিদ্যালয়গুলিতে এখন কৃত্রিম বুদ্ধিমত্তা ভিত্তিক শিক্ষার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে । শিক্ষামন্ত্রী আরো জানান যে নতুন শিক্ষানীতি অনুসারে প্রস্তুত করা নতুন শিক্ষা পাঠ্যসূচী খুব শীঘ্র চালু করা হবে যাতে রাজ্যের শিক্ষা ব্যবস্থাকে আরো আধুনিক এবং বাস্তব ভিত্তিক রূপে গড়ে তোলা যায় । শিক্ষামন্ত্রী ডাঃ পেগু আরো বলেন --------

#বাইট#

আজকের অনুষ্ঠানে সাংসদ কৃপানাথ মালা , জেলা আয়ুক্ত অভিষেক জৈন সহ জেলার শিক্ষাবিদরা উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

মিজোরাম সহ দেশের সাতটি রাজ্যের আটটি বিধানসভা আসনের জন্য আগামীকাল উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে । যেসব আসনের এই উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে, সেগুলি হল-- মিজোরামের ডাম্পা, ওড়িশার নোয়াপাড়া, পাঞ্জাবের টার্ন টারান, তেলেঙ্গানার জুবিলি হিল্স, ঝাড়খন্ডের ঘাটশিলা, রাজস্থানের আন্তা এবং জম্মু-কাশ্মীরের দুটি আসন- বুদগাম ও নাগ্রোতা । বিহার বিধানসভা নির্বাচনের ভোটগণনার সমান্তরালভাবে আগামী ১৪ই নভেম্বর এই আসনগুলির ভোট গণনা করা হবে ।

--------------------------------------------------------------------------------

আগরতলার মহারাজা বীর বিক্রম ষ্টেডিয়ামে আয়োজিত রঞ্জী ট্রফির এলিট সি গ্রুপের চার দিবসীয় ক্রিকেট প্রতিযোগিতায় আসাম ত্রিপুরার বিরুদ্ধে ফলো অন করতে বাধ্য হয়েছে । আজ তৃতীয় দিনের খেলার পর আসাম দ্বিতীয় ইনিংসে তিন উইকেটের বিনিময়ে ৭৮ রান সংগ্রহ করেছে । এর আগে ত্রিপুরার প্রথম ইনিংসে ৬০২ রানের জবাবে আসাম প্রথম ইনিংসে ২৩৮ করে । খেলার একদিন বাকী থাকা অবস্থায় আসাম ত্রিপুরার প্রথম ইনিংসের রান থেকে ২৮৬ রান পিছিয়ে রয়েছে ।

--------------------------------------------------------------------------------